# Times Today BD

নূর আলম | ক্যাম্পাস | 23 April, 2025

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে আয়োজিত স্নাতক (সম্মান) পর্যায়ের আন্তঃবিভাগীয় সৃজনশীল নৃত্য প্রতিযোগিতায় ময়মনসিংহ বিভাগে প্রথম স্থান অর্জন করেছে নেত্রকোণার ঐতিহ্যবাহী সুসং সরকারি মহাবিদ্যালয়।

সম্প্রতি ময়মনসিংহে অনুষ্ঠিত এই প্রতিযোগিতায় অংশ নিয়ে সুসং কলেজের সাংস্কৃতিক দলের নৃত্য পরিবেশনা দর্শক ও বিচারকদের হৃদয় জয় করে নেয়।পরিবেশনায় উঠে আসে শৈল্পিক উৎকর্ষ এবং বাঙালি সাংস্কৃতিক ঐতিহ্যের অপূর্ব সংমিশ্রণ, যা সর্বমহলে প্রশংসিত হয়।

এই অসাধারণ সাফল্যে কলেজের শিক্ষক-শিক্ষার্থীসহ দুর্গাপুরবাসীর মাঝে বইছে আনন্দের জোয়ার। কলেজের অধ্যক্ষ প্রফেসর মো. রেদওয়ানুর রহমান বলেন, "এটি আমাদের জন্য গর্বের একটি অর্জন।শিক্ষার্থীদের কঠোর পরিশ্রম ও নিষ্ঠার ফলেই এই সাফল্য সম্ভব হয়েছে।"

সাংস্কৃতিক কমিটির আহ্বায়ক জনাব শাহজাহান সিরাজ জানান, “প্রিন্সিপাল স্যারের সার্বিক সহযোগিতায় আমরা একটি শক্তিশালী সাংস্কৃতিক দল গঠন করতে পেরেছি। শিক্ষার্থীদের প্রতিভা ও নিষ্ঠাই আমাদের এই সম্মান এনে দিয়েছে।ভবিষ্যতেও এই ধারা অব্যাহত থাকবে বলে আমরা আশাবাদী।”

উক্ত প্রতিযোগিতায় সুসং সরকারি মহাবিদ্যালয়ের সাংস্কৃতিক টিমের দলনেতা হিসেবে দায়িত্ব পালন করেন কলেজের শিক্ষক শফিউল আলম স্বপন। তাঁর নেতৃত্বে দলটি সুন্দরভাবে পরিকল্পিত ও মনোমুগ্ধকর পরিবেশনা উপহার দেয়, যা বিভাগীয় পর্যায়ে সেরা হিসেবে

নির্বাচিত হয়।

উল্লেখ্য, এর আগে সুসং সরকারি কলেজ বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করলেও এবারই প্রথম বিভাগীয় পর্যায়ে শ্রেষ্ঠত্ব অর্জন করল।

জাতীয় বিশ্ববিদ্যালয় ময়মনসিংহ বিভাগ ময়মনসিংহ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 19:15

URL: https://timestodaybd.com/campus/9448781307